গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ আদালতের কার্যালয়, রাজশাহী
(প্রশাসন শাখা)

rajshahi.judiciary.gov.bd

আদেশ নং- ৩৪/২৫-জি,

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১ / ১০ এপ্রিল ২০২৫

নিম্নস্বাক্ষরকারী বিগত ৩০/৩/২০২৫ ইং তারিখ রাজশাহীর গণ পূর্ত বিভাগ- ১ এর নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ রাশেদুল ইসলাম সহ রাজশাহীর জাজেস কোয়ার্টার্স পরিদর্শনে গিয়া পাঁচটি ভবনের বিশ ফ্লাটের ছয়টি ফ্লাট বসবাস উপযোগী বলিয়া দেখিতে পান। নিম্নস্বাক্ষরকারী বিগত ৩০/১০/২০২৪ ইং তারিখে বর্তমান পদে যোগদান করিয়া একাধিকবার রাজশাহীতে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে উক্ত কোয়ার্টার্সে বরাদ্দ গ্রহণ করতঃ বসবাস করিতে উৎসাহিত করিলে ও এখন পর্যন্ত মাত্র সাত জন কর্মকর্তা বরাদ্দ গ্রহণ পূর্বক সেখানে বসবাস করিতেছেন। নিম্নস্বাক্ষকারী গতকল্য ও তাহাদের বসবাস উপযোগী উক্ত ফ্লাটসমূহে বরাদ্দ গ্রহণ পূর্বক বসবাস শুরু করিতে উৎসাহিত করিলে ও তাহারা নিম্নস্বাক্ষরকারীর আহ্বানে সাড়া দেন নাই। উক্ত ভবনসমূহে কর্মকর্তাগণ বসবাস না করায় তাহা নষ্ট হইয়া যাইতেছে। তদুপরি উক্ত ভবনসমূহ ফাঁকা পড়িয়া থাকায় সরকার বিপুল পরিমাণ রাজস্ব হইতে বঞ্চিত হইতেছে। উল্লেখ্য যে, তিন একর জমির উপর উক্ত দৃষ্টি নন্দন ভবনসমূহ নির্মাণে উক্ত জমির মূল্যসহ সরকারকে ৪০০/৫০০ কোটি টাকা বিনিয়োগ করিতে হইয়াছে। তাহা ছাড়া ভবনসমূহ শুধুমাত্র বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বসবাসের জন্য নির্মিত হওয়ায় তাহা সরকারের অন্য কোন বিভাগের কর্মকর্তাগণ বরাবরে বরাদ্দ প্রদান করা সম্ভব নহে। অধিকন্তু, বিচার বিভাগীয় কর্মকর্তাগণের নিরাপত্তার জন্য সেখানে সার্বক্ষণিক পুলিশ প্রহরার ব্যবস্থা করা হইয়াছে। তদুপরি, সেখানকার পূর্বের ট্রান্সফরমার নষ্ট হওয়ায় রাজশাহীর গণ পূর্ত বিভাগ- ১ ইতোমধ্যে সেখানে ৫,০০,০০০/= (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ে একটি ট্রান্সফরমার স্থাপন করিয়া দিয়াছে। অধিকন্তু, উক্ত বিভাগ বিগত ০৮/৪/২০২৫ ইং তারিখ হইতে উক্ত ভবনসমূহের মেরামত ও নবায়ন (renovation) এর কার্য শুরু করিয়াছে যাহাতে তাহাদের কমপক্ষে আনুমানিক ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা ব্যয় হইবে। তাহা ছাড়া ও উক্ত বিভাগ জাজেস কোয়ার্টার্সের প্রত্যেক ফ্লাটে বিশুদ্ধ পানি সরবরাহের সংযোগ প্রদানের জন্য একটি উন্নত মানের সাবমারসিবল পাম্প স্থাপন করিতেছে যাহাতে তাহাদের আনুমানিক ১,০০,০০০/= (এক লক্ষ) টাকা ব্যয় হইবে। উল্লেখ্য যে, বিচার বিভাগীয় কর্মকর্তাগণ ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এ্যাসোসিয়েশনের পক্ষ হইতে প্রত্যেক জেলায় বিচার বিভাগীয় কর্মকর্তাগণের জন্য পৃথক আবাসনের ব্যবস্থা করার জোর দাবী রহিয়াছে। অথচ রাজশাহীতে তাহাদের জন্য পর্যাপ্ত আবাসনের ব্যবস্থা থাকা সত্ত্বে ও রাজশাহীতে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণ সেখানে বসবাস করিতেছেন না যাহা কোন ভাবেই গ্রহণযোগ্য নহে। ফলে রাজশাহীতে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে অবিলম্বে জাজেজ কোয়ার্টার্সের বিভিন্ন ভবনের বসবাস উপযোগী ফ্লাটসমূহে বরাদ্দ গ্রহণ করতঃ সেখানে বসবাস করিতে বিশেষভাবে নির্দেশ প্রদান করা গেল। সকল ভবনের সকল ফ্লাটের মেরামত ও নবায়নের কার্য শেষ হইলে রাজশাহীতে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে ব্যধতামূলকভাবে সেখানে বসবাস করিতে হইবে।

উল্লেখ্য যে, ইতোমধ্যে কোন কোন বিচার বিভাগীয় কর্মকর্তা সেখানে বসবাস করিতে অনীহা প্রকাশ করিয়া বিভিন্ন যুক্তি প্রদর্শনের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকম্পা প্রাপ্তির চেষ্টা করিতেছেন যাহা একান্তভাবেই অনভিপ্রেত। ফলে তাহাদের উক্তরূপ তদ্বীর করা হইতে বিরত থাকিতে কঠোরভাবে নির্দেশ প্রদান করা গেল।

সংশ্লিষ্ট সকলকে জানানো হউক।

১০/৪/২০২৫

(গোলক চন্দ্র বিশ্বাস),
গ্রেডেশন নং- ১৬,
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী।
ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ১২৬/২৫(৫)-জি,

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১ / ১০ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হইল:

১। মাননীয় সচিব,
আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা,

২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা,

৩। চীফ জুডিসিয়াল/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রাজশাহী,

৪। অতিরিক্ত জেলা/মহানগর দায়রা জজ, রাজশাহী (সকল),

৫। প্রধান প্রকৌশলী,
গণ পূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা,

৬। অতিরিক্ত চীফ জুডিসিয়াল/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রাজশাহী,

৭। যুগ্ম জেলা/মহানগর দায়রা জজ, রাজশাহী (সকল),

৮। বিদ্যুৎ ম্যাজিস্ট্রেট, রাজশাহী,

৯। নির্বাহী প্রকৌশলী,
গণ পূর্ত বিভাগ- ১, রাজশাহী,

১০।সিনিয়র সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী (সকল),

১১।জেলা আইনগত সহায়তা প্রদানকারী কর্মকর্তা, রাজশাহী,

১২।সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী (সকল) ও

১৩।অফিস কপি।

(মোঃ ফজলে রাব্বী),
প্রশাসনিক কর্মকর্তা,
জেলা ও দায়রা জজ আদালত,
রাজশাহী।